



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন সাধারণ পরিষেবা অফিস ঐতিহাসিক লেক্সিংটন অ্যাভিনিউ আর্মারি পুনর্গঠনের জন্য নিলামের ডাক গ্রহণ করা শুরু করেছে

40 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল এবং 90 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল নিয়ে স্টেট ও ফেডারেল অংশীদারিত্ব হচ্ছে

বিজয়ী নিলামের ডাক আগস্টের মাঝামাঝি সময়ে ঘোষণা করা হবে বলে আশা করা যাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটির ঐতিহাসিক লেক্সিংটন অ্যাভিনিউ আর্মারির (Lexington Avenue Armory) সম্পূর্ণ পুনর্গঠনের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের নির্মাণ পর্যায়ের জন্য সাধারণ পরিষেবা অফিস (Office of General Services, OGS) নিলামের ডাক গ্রহণ করা শুরু করেছে। প্রস্তাবিত পরিবর্তনসমূহ বিংশ শতাব্দীর শুরুর দিকের ভবনটিকে অত্যাধুনিক প্রশিক্ষণ ও কাজের স্থান দ্বারা একবিংশ শতাব্দীর সামরিক বাহিনীর কাজে লাগার জন্য প্রস্তুত করবে।

"লেক্সিংটন অ্যাভিনিউ আর্মারি এর বয়স প্রদর্শন করা শুরু করেছে এবং প্রয়োজনীয় মেরামত কাজ শুরু করার জন্য আমরা উদগ্রীব," **গভর্নর হোকল বলেন।** "ভবনের অনন্য স্থাপত্য এবং ঐতিহাসিক বৈশিষ্ট্য সংরক্ষণ করার ব্যাপারে এই সংস্কার অনেক সত্য করবে, এই বৈশিষ্ট্য এটিকে সিটি, স্টেট, এবং ফেডারেল ল্যান্ডমার্ক তালিকাভুক্ত করেছে।"

1906 সালে মিডটাউন ম্যানহাটন আর্মারিটির নির্মাণ কাজ শেষ হওয়ার পর থেকে এখানে নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ডের (New York Army National Guard) 69তম ইনফ্যান্ট্রি রেজিমেন্ট (69th Infantry Regiment) অবস্থান করছে। "দ্য ফাইটিং 69থ (The Fighting 69th)" এর সৈন্যরা এই আর্মারি থেকে প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধে, এবং 2004 সালের ইরাক যুদ্ধে যাত্রা করেছে। এছাড়াও, 9/11 আক্রমণের পরবর্তী দিনগুলিতে এবং 2012 সালের সুপারস্টর্ম স্যান্ডির পর নিউ ইয়র্কের মানুষকে সহায়তা করার জন্য আর্মারিটি ন্যাশনাল গার্ডের সৈন্যদের একটি অবস্থান হিসেবে কাজ করেছে।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন, "আধুনিকায়ন ও প্রস্তুতির উন্নয়নের জন্য ঐতিহাসিক 69তম রেজিমেন্ট আর্মারির জন্য 90 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল

প্রদান করতে পেরে আমি গর্বিত। আর্মারিটি শুধু একটি জাতীয় ও নিউ ইয়র্ক সিটির ল্যান্ডমার্ক নয়, বরং এটি দ্য ফাইটিং 69th এর অবস্থান, এটি এমন একটি রেজিমেন্ট যা একসময় অধিকাংশ আইরিশ অভিবাসীদের দ্বারা তৈরি হয়েছিলো এবং তাদের একটি অনন্য ও স্তরীভূত ইতিহাস রয়েছে। আর্মারির পুনর্বাসন আরো অনেক আগে হওয়া উচিত ছিলো, এবং এটি ল্যান্ডমার্কটিকে সেনাবাহিনীর আধুনিক দিনের চাহিদা পূরণের জন্য পুনঃস্থাপন করবে। অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আমি যেই 90 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিত করেছি তা এবং গভর্নর হোকলের 30 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট সমর্থনের ফলে, নিঃস্বার্থভাবে আমাদের দেশকে সেবাদান করা নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ডের সদস্যরা সেরা সকল সুযোগসুবিধা পাবে যা আমাদের পক্ষে প্রদান করা সম্ভব, এবং নিলামের ডাকের জন্য এই প্রকল্পকে খুলে দেওয়া এই অতি প্রয়োজনীয় ও দীর্ঘদিন পূর্বে হওয়া উচিত ছিলো এমন উন্নয়নকে আরেক ধাপ অগ্রসর করবে।"

প্রতিনিধি জেরোল্ড ন্যাডলার বলেন, "ম্যানহাটনের ঐতিহাসিক 69তম রেজিমেন্ট আর্মারির জন্য অর্থবছর 2024 সরকার তহবিল বিলে 90 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করতে নেতা শুমার এবং সিনেটর জিলিব্র্যান্ডের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত। 120 বছরের পুরনো লেক্সিংটন অ্যাভিনিউ ল্যান্ডমার্কটির সংস্কার ও উন্নয়নের জন্য সাধারণ পরিষেবা অফিসকে নিলাম ডাকার প্রক্রিয়া শুরু করতে দেখে আমি অতি আনন্দিত, এটি নিশ্চিত করবে যাতে যে এটি আগামী বছ বছর ধরে ম্যানহাটনে নিউ ইয়র্কের নাগরিক সমর্থন সাড়াদান সক্ষমতার একটি অতি গুরুত্বপূর্ণ কেন্দ্র হয়ে থাকে।"

নিউ ইয়র্কের অ্যাডজাঙ্কট জেনারেল, মেজর জেনারেল রে শিল্ডস বলেন, "ম্যানহাটনের লেক্সিংটন অ্যাভিনিউ আর্মারি পুনর্বাসন হলো নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ডের জন্য শতাব্দীতে একবার পাওয়া যায় এমন একটি সুযোগ। মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী, গভর্নর হোকল, সিনেটর শুমার, সিনেটর জিলিব্র্যান্ড, প্রতিনিধি ন্যাডলার এবং আমাদের কংগ্রেসনাল প্রতিনিধি দলের সমর্থনের ফলে, আমাদের ফাইটিং 69th ইনফ্যান্ট্রির সৈন্যদের কাছে এমন একটি আর্মারি থাকবে যা নিয়ে তারা গর্ব করতে পারবে। পুনর্বাসন নিশ্চিত করবে যাতে আমাদের সৈন্যরা সেনাবাহিনীর কন্স্যাট রিজার্ভ হিসেবে তাদের ভূমিকার জন্য তৈরি ও প্রশিক্ষিত থাকে এবং নাগরিক সমর্থন কর্মকাণ্ডের ব্যাপারে গভর্নরের জন্য উপলভ্য থাকে। এই প্রকল্পের জন্য তহবিলকে বাস্তব করতে জড়িত সকলকে আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

আর্মারির নতুন করে করা নকশায় কম্পিউটার নেটওয়ার্ক অবকাঠামো এবং সেই সাথে নারী সৈন্যদের জন্য বিশেষভাবে নকশা করা ল্যাট্রিন ও লকার রুম থাকবে। এই পরিবর্তনসমূহ বিংশ শতাব্দীর শুরুর দিকের একটি ভবনকে অত্যাধুনিক প্রশিক্ষণ ও কাজের স্থান দ্বারা একবিংশ শতাব্দীর সামরিক বাহিনীর কাজে লাগার জন্য প্রস্তুত করবে।

প্রকল্পটির অর্থায়ন করা হবে সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমারের নেতৃত্বে নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধি দলের সংগ্রহ করা 90 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল, এবং গভর্নর হোকল এবং আইনসভার অনুমোদিত 40 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল দ্বারা। প্রকল্পের ব্যয় ভাগ করে নেওয়া হবে, ফেডারেল সরকার এর আনুমানিক 75 শতাংশ প্রদান করবে এবং স্টেট অবশিষ্ট অংশ প্রদান করবে।

বিজয়ী নিলামের ডাক আগস্টের মাঝামাঝি সময়ে ঘোষণা করা হবে বলে আশা করা যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)